



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৫৩৩১/৪২১

তারিখ : ০৫-০৯-২০২৩ খ্রি.

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ০৬-০৮-২০২৩ তারিখের আবেদন (আইডি- (২২০৩৭)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলাধীন “ছাতারপাড়া মাধ্যমিক বিদ্যালয়” এর চলমান কমিটির সভাপতির বিরুদ্ধে উক্ত বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক জনাব মোহাঃ সহিদুল হক একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অভিযোগের ছায়া কপি সংযুক্ত :

উপজেলা নির্বাহী অফিসার
দৌলতপুর, কুষ্টিয়া

০৫-০৯-২০২৩

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

02477762705

স্মারক সংখ্যা-বিঅ-৬/৫৩৩১/৪২১(১-৬)

তারিখ : ০৫-০৯-২০২৩ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
- ২। জেলা শিক্ষা অফিসার।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া।
- ৪। সভাপতি, ছাতারপাড়া মাধ্যমিক বিদ্যালয়, ছাতারপাড়া, দৌলতপুর, কুষ্টিয়া।
- ৫। প্রধান শিক্ষক, ছাতারপাড়া মাধ্যমিক বিদ্যালয়, ছাতারপাড়া, দৌলতপুর, কুষ্টিয়া।
- ৬। জনাব মোহাঃ সহিদুল হক, অভিযোগকারী (০১৭২৮-৬৮৬৮৬২)।
- ৭। অফিস নথি।

০৫-০৯-২০২৩

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

02477762705

তারিখঃ ০৬/০৮/২০২৩

বরাবর,
চেয়ারম্যান মহোদয়
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

বিষয়ঃ শিক্ষক লাঞ্চিত হবার প্রতিবাদে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।

জনাব,

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি মোহাঃ সহিদুল হক পিতাঃ মৃত মাহাতাব উদ্দীন গ্রামঃ ছাতার পাড়া উপজেলাঃ দৌলতপুর জেলাঃ কুষ্টিয়া। কুষ্টিয়া জেলাধীন দৌলতপুর উপজেলার অন্তর্গত ছাতার পাড়া মাধ্যমিক বিদ্যালয়ের একজন সিনিয়র শিক্ষক। ১৯৯৫ সাল থেকে এ পর্যন্ত সুনামের সাথে অর্পিত দায়িত্ব পালন করে আসছি। গত ১৮/০৭/২৩ ইং রোজ মঙ্গলবার আনুমানিক বেলা ১:৪০ মিনিট যখন অত্র বিদ্যালয়ের অভিভাবক সমাবেশ শেষে সহকারী প্রধান শিক্ষকের অফিস কক্ষে বসা ছিলাম তখন অত্র বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতির নেতৃত্বে পূর্ব পরিকল্পিতভাবে শিক্ষক-কর্মচারীদের সামনে কমিটির সদস্য মোঃ আলিহীম মন্ডল আমার উপর হামলা করে এবং কমিটির সভাপতির প্রত্যক্ষ নির্দেশে অত্র বিদ্যালয়ের সদ্য নিয়োগ প্রাপ্ত নিরাপত্তা কর্মী মাদকাসক্ত মোঃ আশিকুর রহমান হত্যাচেষ্টার উদ্দেশ্যে আমার মাথায় লাঠি দ্বারা প্রচণ্ড আঘাত করলে আমি রক্তাক্ত অবস্থায় মাটিতে লুটিয়ে পড়ি। অতঃপর আমার সহকর্মীবৃন্দ আমাকে উদ্ধার করে দৌলতপুর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে ভর্তি করলে দায়িত্বরত চিকিৎসক আঘাত গুরুতর দেখে প্রাথমিক চিকিৎসা দিয়ে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে স্থানান্তর করেন। বলা বাহুল্য এখন পর্যন্ত তারা আমাকে ও আমার পরিবারকে বিভিন্ন ভাবে হুমকি দিয়ে আসছে। আমি আইনের আশ্রয় গ্রহণ করে দৌলতপুর থানায় হত্যাচেষ্টা মামলা রুজু করেছি যার মামলা নং- ২২। আসামীগণ ১নং তহমেদুর রহমান পিতা মসলেম উদ্দিন মোবাঃ ০১৭৩২৪৭০৯৬৭ ২নং মোঃ আলিহীম মন্ডল পিতা ঝড়ু মন্ডল মোবাঃ ০১৭২৩১৬৪১১৬ ৩নং মোঃ আশিকুর রহমান পিতা আলিহীম মন্ডল মোবাঃ ০১৭৬২৬৫৮২১১। ঘটনার দিনই পুলিশ সতর্কতার সঙ্গে গ্রেফতার করে জেল হাজতে প্রেরণ করেন। পরবর্তী জেল হাজত হতে বের হয়ে এসে সভাপতি কেস তুলে নেওয়ার জন্য আমার ও আমার পরিবারের উপর হুমকি প্রদান করছে। উক্ত ঘটনাটি বিদ্যালয়ের ভাবমূর্তি ও সুনাম ক্ষুণ্ণ করার পাশাপাশি এলাকায় বিশৃঙ্খল পরিবেশের সৃষ্টি করে। উক্ত আসামীরাই ২০১৯ সালে অত্র বিদ্যালয়ের একজন সহকারী শিক্ষককে মারধর ও লাঞ্চিত করেছিল।

অতএব, হৃদয়ের নিকট আমার আকুল আবেদন সরকারী বিধি মোতাবেক নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে সভাপতি, ম্যানেজিং কমিটি ও নিরাপত্তাকর্মীর ব্যাপারে প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনতে মর্জি হয়।

বিনীত নিবেদক

মোহাঃ সহিদুল হক

সিনিয়র শিক্ষক

ছাতার পাড়া মাধ্যমিক বিদ্যালয়

দৌলতপুর, কুষ্টিয়া।

মোবাঃ ০১৭২৮-৬৮৬৮৬২

সংযুক্তিঃ

ঘটনার সাথে সংশ্লিষ্ট সকল নথিপত্র।